গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-১).১৮৯৮ তারিখ : ২৯ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
১৪ নভেম্বর ২০২২ খ্রি.

# মহানগরী ও জেলা সদরের সদর উপজেলার বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২৩ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা মহানগরীসহ সারাদেশের মহানগরী পর্যায়ের বিভাগীয় সদরের মেট্রোপলিটন এলাকা ও জেলা সদরের সদর উপজেলার বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ২০২৩ শিক্ষাবর্ষে বিভিন্ন শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে বিদ্যালয় হতে কোনো ভর্তি ফরম বিতরণ করা হবে না। ভর্তির আবেদন শুধুমাত্র অন-লাইনে **https://gsa.teletalk.com.bd** এই ঠিকানায় পাওয়া যাবে। অন-লাইনে আবেদন গ্রহণের প্রক্রিয়া **১৬/১১/২০২২ খ্রি. সকাল ১১:০০ টা হতে শুরু হয়ে ০৬/১২/২০২২ খ্রি. বিকাল ০৫:০০ টা পর্যন্ত চলমান থাকবে।** ২০২৩ শিক্ষাবর্ষে ভর্তির আবেদন ফি ১১০/- (একশত দশ) টাকা নির্ধারণ করা হয়েছে যা শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল হতে SMS এর মাধ্যমে প্রদান করা যাবে।

উল্লেখ্য, ঢাকা মহানগরীর বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ক্ষেত্রে প্রতিষ্ঠান সংলগ্ন কমপক্ষে ১টি এবং সর্বোচ্চ ৩টি থানা ক্যাচমেন্ট এরিয়া হিসেবে নির্ধারণ করা যাবে। এছাড়াও প্রার্থীগণ আবেদনের সময় প্রতিষ্ঠান নির্বাচনকালে মহানগর পর্যায়ের জন্য বিভাগীয় সদরের মেট্রোপলিটন এলাকা এবং জেলা সদরের সদর উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা পাবে। এক্ষেত্রে প্রার্থীগণ প্রাপ্যতার ভিত্তিতে প্রতিটি আবেদনে সর্বোচ্চ ০৫টি বিদ্যালয় পছন্দের ক্রমানুসারে নির্বাচন করতে পারবে। উল্লেখ্য, ডাবল শিফটের প্রতিষ্ঠানের ক্ষেত্রে উভয় শিফট পছন্দ করলে দুটি পছন্দক্রম সম্পন্ন হয়েছে বলে বিবেচিত হবে। একই পছন্দক্রমের বিদ্যালয় কিংবা শিফট দ্বিতীয় বার পছন্দ করা যাবে না। **২০২৩ শিক্ষাবর্ষে কেন্দ্রীয় পর্যায়ে অনুষ্ঠেয় ডিজিটাল লটারি কার্যক্রমে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের বাইরের প্রতিষ্ঠানগুলোকেও শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গঠিত ভর্তি কমিটির মাধ্যমে লটারি প্রক্রিয়ায় শিক্ষার্থী নির্বাচন করে ২৮/১২/২০২২ তারিখের মধ্যে ভর্তির কাজ সম্পন্ন করতে হবে। কেন্দ্রীয় ডিজিটাল লটারি প্রক্রিয়ার বাইরে ঢাকা মহানগরীর যে সকল প্রতিষ্ঠান নিজস্ব ব্যবস্থাপনায় লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন করবে তাদেরকে শিক্ষা মন্ত্রণালয়ের পূর্বানুমতি নিতে হবে এবং লটারি অনুষ্ঠানের দিন অবশ্যই শিক্ষা মন্ত্রণালয়/মাউশি অধিদপ্তরের প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে। এছাড়া ঢাকা মহানগরী ব্যতীত কেন্দ্রীয় ডিজিটাল লটারি প্রক্রিয়ার বাইরের প্রতিষ্ঠানসমূহ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গঠিত (ভর্তি নীতিমালা অনুযায়ী) ভর্তি কমিটির প্রতিনিধির উপস্থিতিতে লটারি কার্যক্রমের আয়োজন করতে হবে। ডিজিটাল লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া ব্যতিত অন্য কোন পরীক্ষা গ্রহণ করা যাবে না। এছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ২০২৩ শিক্ষাবর্ষে ভর্তির জন্য জাতীয় শিক্ষানীতি-২০১০ অনুযায়ী ১ম শ্রেণিতে শিক্ষার্থীর বয়স ৬+ বছর নির্ধারণ করা হয়েছে।**

ঢাকা মহানগরীসহ সারাদেশের মহানগর পর্যায়ের বিভাগীয় সদরের মেট্রোপলিটন এলাকা ও জেলা সদরের সদর উপজেলার বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে ডিজিটাল লটারি প্রক্রিয়ায় শিক্ষার্থী নির্বাচন আগামী ১৩/১২/২০২২ খ্রি. অন-লাইনের মাধ্যমে অনুষ্ঠিত হবে। অন-লাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী **www.dshe.gov.bd** এর **secondary circular/order** ও **www.teletalk.com.bd** ওয়েবসাইট হতে জানা যাবে।

১৪/১১/২০২২

**(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)**
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ০২-৪১০৫০২৮৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
**www.dshe.gov.bd**

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-১).১৮৯৮ তারিখ : ২৯ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
১৪ নভেম্বর ২০২২ খ্রি.

# মহানগর ও জেলা সদরের সদর উপজেলা পর্যায়ের বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২৩ শিক্ষাবর্ষে অন-লাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী

**বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ২০২৩ শিক্ষাবর্ষে মহানগর পর্যায়ের জন্য বিভাগীয় সদরের মেট্রোপলিটন এলাকা এবং জেলা সদরের সদর উপজেলায় অবস্থিত সকল বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে Web ও SMS এর মাধ্যমে ভর্তির আবেদনপত্র পূরণ ও ফি প্রদান করা সংক্রান্ত নিয়মাবলী।**

**০১। আবেদন ফরম পূরণ:** ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী **https://gsa.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ ও **Teletalk Pre-paid Mobile** নম্বর হতে SMS এর মাধ্যমে আবেদন ফি প্রদান করে ভর্তির আবেদনের কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

**০২। আবেদন দাখিলের সময়সীমা:**

iii) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ: ১৬/১১/২০২২ খ্রি. সকাল ১১:০০ টা।

iv) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ০৬/১২/২০২২ খ্রি. বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit করে User ID পাবেন। প্রাপ্ত User ID ব্যবহার করে Teletalk Pre-paid Mobile নম্বর হতে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ০৬/১২/২০২২ খ্রি. বিকাল ০৫:০০ টার মধ্যে যে সকল শিক্ষার্থী আবেদন করে User ID পেয়েছেন সে সকল শিক্ষার্থীগণ ০৬/১২/২০২২ দিবাগত রাত ১২:০০ মিনিট পর্যন্ত আবেদন ফি জমা দিতে পারবেন।

❑ **Web Application Form পূরণ এর নিয়মাবলী:**

১। **https://gsa.teletalk.com.bd** ওয়েবসাইটে Browse করে আবেদনপত্র পূরণ ও Submit করতে পারবেন।

২। Online-এ আবেদনপত্রের নির্দেশনা মতে প্রার্থী তার সকল তথ্য পূরণ করবেন। যে সকল প্রার্থী বিভিন্ন কোটায় আবেদন করবেন তাদের কোটার বিষয়টি অবশ্যই উল্লেখ করতে হবে। অন্যথায় কোটা বিবেচনা করা সম্ভব হবে না।

৩। Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে JPEG ফরমেটে নির্ধারিত স্থানে Upload করবেন।

৪। Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID- সহ ছবি Applicant's copy পাবেন।

৫। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট অথবা Download কপি ভর্তি সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

৬। Online-এ আবেদনপত্রে সরবরাহকৃত বাছাইকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই সরবরাহকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

❑ **SMS এর মাধ্যমে আবেদন ফি প্রদানের নিয়মাবলী:**

১। Applicant's কপিতে প্রাপ্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বর হতে ০২(দুই) টি SMS করে আবেদন ফি বাবদ প্রতিটি Application এর জন্য ১১০/- টাকা জমা দিবেন।

২। প্রথম SMS: GSA<space>User ID (Web Application হতে প্রাপ্ত) লিখে Send করতে হবে 16222 নম্বরে

উদাহরণ: GSA<space>ABCDEF লিখে Send করতে হবে 16222 নম্বরে।

*ফিরতি SMS এ শিক্ষার্থীর নামসহ একটি PIN নম্বর পাওয়া যাবে। যা ব্যবহার করে দ্বিতীয় SMS-টি করতে হবে।

৩। দ্বিতীয় SMS: GSA<space>YES<space>PIN (প্রথম SMS হতে প্রাপ্ত) লিখে Send করতে হবে 16222 নম্বরে।
উদাহরণ : GSA<space>yes<space>123456 লিখে Send করতে হবে 16222 নম্বরে।

- এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এর আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও ভর্তির আবেদন ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এর আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।
- স্কুল ভর্তি কার্যক্রম সম্পাদন ও এ সংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহের জন্য অন্যের উপর নির্ভরশীল না হয়ে নিজেই প্রক্রিয়াটি সম্পন্ন করতে একটি টেলিটক প্রি-পেইড সীম সংরক্ষণ করুন।
- Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে ভর্তি সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং SMS- এর মাধ্যমে প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

## ❑ User ID এবং PIN পুনরুদ্ধার পদ্ধতি:

কেবল টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

১। User ID জানা থাকলে GSA<space>Help<space>User<space>User ID & Send to 16222
Example: GSA Help User ABCDEF & Send to 16222

২। PIN Number জানা থাকলে GSA<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222
Example: GSA Help PIN 1234567 & send to 16222

❑ ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট ভর্তি কমিটি/প্রধান শিক্ষকের নোটিশ বোর্ড থেকে জানা যাবে।

❑ Login করার পর স্কুলের ভর্তি সংক্রান্ত তথ্য ইনপুট দেয়ার পর সেভ করে 'Summary' বাটনে ক্লিক করলে পূরণকৃত সকল তথ্য প্রদর্শিত হবে যা প্রিন্ট করে রাখা যাবে। কোনো তথ্য পরিবর্তনের প্রয়োজন হলে পুনরায় সঠিক তথ্য সেভ করে পুনরায় 'Summary' বাটনে ক্লিক করে তথ্যের প্রিন্ট কপি সংরক্ষণ করুন।

(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ০২-৪১০৫০২৮৫